নৌকায় ভোট দেওয়ায় শৈলকুপার ১৫টি পরিবার বাড়ি ছাড়া

ঝিনাইদহের শৈলকুপায় উপজেলা নির্বাচনকে কেন্দ্র করে নৌকার পক্ষে কাজ করার অপরাধে এবং স্থানীয় গ্রুপিং এর কারনে উপজেলার পাইকপাড়া গ্রামের ১৫টি পরিবার ৮মাস যাবৎ বাড়ি ছাড়া রয়েছে। তাছাড়া ঐ পরিবার গুলোর ৬০বিঘা জমিতে পিয়াজ চাষে বাঁধা প্রদান করার অভিযোগ পাওয়া গেছে।

জানা যায় নির্বাচন পরবর্তি সহিংসতায় গত আগস্টের ৪তারিখে মৃত আব্দুল জব্বার শেখের স্ত্রী পতিরন নেছা নামে একজন মহিলা নিহত হন। নিহতের ঘটনায় ৪৪জনকে আসামী করে থানায় মামলা করে।

মামলার আসামীরা মামলা তুলে নিতে বাদিকে অব্যাহত চাপ দিয়ে যাচ্ছে, এই মামলা তুলে না নেওয়ার কারনে ১৫টি পরিবারের ৬০বিঘা জমিতে পিয়াজ চাষ করতে দেওয়া হয়নি বলে জানা যায়। মামলার আসামীরা উপজেলা নির্বাচনে সবায় নৌকার বিরুদ্ধে সোনা সিকদারের আনারস মার্কার পক্ষে ভোটে কাজ করেছে, আর যারা নৌকা প্রার্থী নায়েব আলী জোয়ার্দ্দারের পক্ষে কাজ করেছে তাদের উপরেই এই নির্যাতন চলছে বলে জানান ভুক্তভোগিরা।

এবিষয়ে উপজেলার পাইক পাড়া গ্রামের ষাটউর্দ্ধো আমিরুল ইসলাম বিশ্বাস, রেজা বিশ্বাস, হাসেম আলী বিশ্বাস, আব্দুল্লাহ বিশ্বাস, কাসেম বিশ্বাস জানান আমরা উপজেলা নির্বাচনে আওয়ামী লীগের নৌকা প্রতিকের পক্ষে কাজ করার অপরাধে আমাদের ছেলে মেয়েদের দীর্ঘ ৮মাস যাবৎ বাড়িতে অবস্থান করতে দেয় না। হত্যা মামলার আসামী রাজ্জাক মন্ডল, সালামত, স্বপন, বাদশা ও রবিউলসহ সংঘবদ্ধ চক্রটি আমাদের ১৫টি পরিবারের ৬০বিঘা জমিতে পিয়াজসহ সকল চাষে বাধা দিয়ে যাচ্ছে। আবার অনেকে এদের টাকা পয়সা দিয়ে মাপ চেয়ে কিছু চাষ করেছে। সারা জীবন আওয়ামী লীগ করেও আমরা এখন সর্বোচ্চ নির্যাতনের স্বীকার হচ্ছি। তারা এই অবস্থার অবসানের জন্য প্রধানমন্ত্রীসহ স্থানীয় প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

এই বিষয়ে শৈলকুপা উপজেলা কৃষি কর্মকতা সঞ্জয় কুমার কুন্ডু জানান ৬০বিঘা জমিতে পিয়াজ চাষ করতে না পারা বিষয়ে একটা লিখিত অভিযোগ

পেয়েছি।
◌্এবিষয়ে শৈলকুপা থানার ওসি(তদন্ত) মহসিন হোসেন জানান এবিষয়ে কোন লিখিত অভিযোগ পায়নি অভিযোগ পেলে তদন্ত স্বাপেক্ষে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।

ভেড়ামারায় সড়ক দুর্ঘটনায় এনজিও কর্মী নিহত

কুষ্টিয়ার ভেড়ামারায় সড়ক দুর্ঘটনায় আব্দুল হান্নান সরকার (৫৪) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। রোববার (১৬ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ৮টার দিকে কুষ্টিয়া-ঈশ্বরদী মহাসড়কের ৯ মাইল এলাকায় এ দুর্ঘটনা ঘটে।
নিহত আব্দুল হান্নান সরকার সিরাজগঞ্জ জেলার রায়পুর এলাকার সোলাইমান সরকারের ছেলে। তিনি ব্র্যাক এনজিওতে কর্মরত ছিলেন। স্থানীয়রা জানায়, সকালে মোটরসাইকেল যোগে ভেড়ামারা ব্র্যাক অফিসে যাওয়ার পথে ৯ মাইল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক মটরসাইকেলটিকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই মটরসাইকেল চালক আব্দুল হান্নানের মৃত্যু হয়।
ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শাহজামাল বলেন, ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। মেপ্র/আরজেএম

মৌবনের ব্যাতিক্রম ভালোবাসা শিশুরা পেলো উপহার সামগ্রী

ফাল্গুনের ফল্গুনধারা বদলে নতুন শুরু হয়েছে ১৪ ই ফেব্রুয়ারী ও পহেলা ফাল্গুন ও। দিনটি বিশেষ দিবস হিসেবে সারাদেশে বসন্ত উৎসব ও

বিশ্ব ভালোবাসা দিবস মিলেমিশে একাকার।

কুষ্টিয়ায় শিশুদের মাঝে ব্যতিক্রমভাবে এর দিবসটি উদযাপন করেছেন নারী বাতায়ন নামের একটি সংস্থা। মানবকল্যাণে একটি “মৌবন” উদ্যোগ। এ উদ্যোগের সারথি হিসেবে এই আজকের বিশেষ দিনটিকে অন্যভাবে উপস্থাপন করেছে তারা। এখানে অর্ধশতাধিক শিশু প্রতি সপ্তাহে তিনদিন বিনামূল্যে চিত্রাংকন প্রতিযোগিতা প্রশিক্ষণ দেওয়া হয়।

ভালোবাসা দিবস উপলক্ষে ভালোবাসা ছড়িয়ে দেওয়া হয় এসব শিশুদের মাঝে। এ উপলক্ষে কেক কাটা, মিষ্টি মুখসহ নানান মুখরোচক খাবার দিয়ে আপ্যায়ন করা হয়। পরে সকল শিক্ষার্থীদের উপহার স্বরূপ তাদের রং পেন্সিল, আর্ট এর খাতা সহ যাবতীয় আর্টের সরঞ্জামাদি বিতরন করা হয়।

এসময় মৌবনের সিইও হাবিবুল আলম, নির্বাহী পরিচালক সাফিনা আনজুম জনি, শিশির বেকারীর স্বত্বাধিকারী শহীদুল ইসলাম, পরিচালক ফারজানা তানভীর, মৌবনের সহকারী ম্যানেজার আশিকুজ্জামান রনি, অমিত দত্ত, পিআরও এসএম জামাল, নিপা নাজমীন উপস্থিত ছিলেন।

মৌবনের সহকারী ম্যানেজার আশিকুজ্জামান রনি জানান, শিশুদের মেধা আরও বিকশিত করতে পড়ালেখার পাশাপাশি ছবি আঁকার প্রশিক্ষণের ব্যবস্থা করেছি। আমরা মৌবনের উদ্যোগে নারী বাতায়নের মাধ্যমে হাউজিং এলাকার অর্ধশতাধিক শিশু শিক্ষার্থীদের বিনা-মূল্য প্রশিক্ষণের ব্যবস্থা করেছি। যাতে করে তারা ভালো ছবি আঁকতে পারে।

বসন্ত আর ভালোবাসা দিবসে শিশুদের প্রতি ভালোবাসার নিদর্শন স্বরুপ তাদের জন্য চিত্রাঙ্কনের সরঞ্জামাদী তুলে দেওয়া হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে বলেও জানান তিনি

মেপ্র/আরজেএম

[redacted]

[redacted]

[redacted]

[

আজ দেশে আসছে প্রবাসী সিদ্দিকুর রহমানের লাশ

মালয়েশিয়া প্রবাসী সিদ্দিকুর রহমানের লাশ আজ যেকোনো সময় বাংলাদেশে আসবে বলে জানিয়েছে পরিবার সূত্র।

মেহেরপুর সদর উপজেলার রায়পুর গ্রামের আব্দুল ওয়াহাবের ছেলে সিদ্দিকুর রহমান । দেড় বছরপূর্বে মালয়েশিয়ায় যায়। গত বৃহস্পতিবার হূদরোগে আক্রান্ত হয়ে রহমানের মৃত্যু হয়।

অনলাইন পোর্টালের কার্ডধারীরা সাংবাদিক নয় : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, দেশের গণমাধ্যম চ‚ড়ান্ত স্বাধীনতা ভোগ করছে। তবে এটি যাতে অপরের স্বাধীনতা খর্ব না করে এ ব্যাপারে সংশ্লিষ্টদের সতর্ক থাকতে হবে। অনলাইন পোর্টালের কার্ড নিয়ে যারা সাংবাদিক পরিচয় দেয়, তারা আসলে সাংবাদিক নয়। সব মিলিয়ে গণমাধ্যমে শৃঙ্খলা ফিরিয়ে আনতে সরকার পদক্ষেপ নিচ্ছে।

গতকাল বাংলাদেশ প্রেস কাউন্সিলের কার্যালয়ে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। প্রেস কাউন্সিল দিবস উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

তথ্যমন্ত্রী বলেন, গত দশ বছরে দেশে গণমাধ্যম দ্রুত বিকশিত হয়েছে। এখন মিডিয়া বলতে শুধু খবরের কাগজকে বোঝায় না। এখন এতে খবরের কাগজ, টেলিভিশন, রেডিও এবং অনলাইন নিউজ পোর্টাল অন্তর্ভুক্ত হয়েছে। সংবাদপত্রের চিত্র গত দশ বছরে বদলে গেছে।

হাছান মাহমুদ বলেন, দেশে মিডিয়ার ব্যাপক বিকাশের কারণে এতে আরো অনেক নতুন চ্যালেঞ্জ যুক্ত হয়েছে। তিনি মনে করেন, যে কোনো মিডিয়ায় যে কোনো ধরনের ভুয়া নিউজ প্রচার হলে তা অনেক ক্ষেত্রেই সমাজের পাশাপাশি রাষ্ট্রের জন্যও ক্ষতিকর হয়ে ওঠে।

মন্ত্রী বলেন, অনেকে সামাজিক মাধ্যমকে গণমাধ্যম হিসেবে বিবেচনা করেন। তবে, এটি একটি অসম্পাদিত প্লাটফর্ম, গণমাধ্যম নয়। তিনি বলেন, অনলাইন পোর্টালের কার্ড নিয়ে যারা নিজেদেরকে সাংবাদিক হিসেবে পরিচয় দেয়, তারা আসলে সাংবাদিক নয়।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ মিডিয়ায় শৃঙ্খলা ফিরিয়ে আনতে এবং দেশে বস্তুনিষ্ঠ সাংবাদিকতা নিশ্চিত করার লক্ষ্যে একটি কর্ম পরিকল্পনা তৈরির জন্য বাংলাদেশ প্রেস কাউন্সিলের প্রতি আহবান জানান।

প্রেস কাউন্সিল সম্পর্কে তথ্যমন্ত্রী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রেস কাউন্সিল অ্যাক্ট ১৯৭৪ পাস করেছেন এবং পরে দেশের মিডিয়ার বিকাশের জন্য বাংলাদেশ প্রেস কাউন্সিল গঠন করা হয়। দেশকে এগিয়ে নিতে বঙ্গবন্ধু তার শাসনকালে প্রেস কাউন্সিল অ্যাক্ট ১৯৭৪-এর মতো অনেক আইন পাস করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল উল্লেখ করে ড. হাছান বলেন, আমাদের মূল লক্ষ্য বহুত্ববাদী ও সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মো. মমতাজ উদ্দিন আহমেদ। এতে বক্তব্য দেন তথ্যসচিব কামরুন নাহার এবং দৈনিক অবজারভার সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী।

সূত্র: ইনকিলাব

গাংনীতে ডায়রিয়ায় আক্রান্ত শিশুদের সংখ্যা বেড়েই চলেছে, ওষুধ সংকট

শীতের শেষ মুহুর্তে শিশুদের ডায়রিয়া জনীত রোগীর সংখ্যা বেড়েই চলেছে। ডায়রিয়া আক্রান্তের শিশুদের মধ্যে এক বছর বয়সের শিশুদের সংখ্যায় বেশি। মায়েদের সচেতনতা ও শিশুদের অযত্ন এবং অবহাওয়ার

পরিবর্তনের কারনে শিশুদের আক্রান্তের সংখ্যা বাড়ছে বলে জানান চিকিৎসকরা।

জানাগেছে, মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেকে ২০২০ সালের জানুয়ারী মাসের প্রথম থেকে শেষ পর্যন্ত ডায়রিয়া জনীত রোগে আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছে ১৩৫ জন শিশু ।

চলতি ফেব্রুয়ারীর এক থেকে ১৪ তারিখে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে ভর্তি হয়েছে ১২৪ জন শিশু। ১৫ ই ফেব্রুয়ারী শনিবার ডায়রিয়া রোগে আক্রান্ত হয়ে দুপুর পর্যন্ত অর্ধবেলা ভর্তি হয় ৮ জন শিশু। ডায়রিয়া রোগে আক্রান্ত শিশু নাফিম এর মা জানায়, প্রথমে বোমি, তার পর পাতলা পায়খানা শুরু হয়। অবস্থা বেগতিক দেখে আজ শানিবার সকালে হাসপাতালে ভর্তি করি। চাদপুর গ্রামের শফিকুলের ছেলে সালমান (১৫মাস) ডায়রিয়ায় আক্রান্ত হয় দু’ দিন আগে। প্রথমে গ্রামে চিকিৎসা নিয়ে নিরাময় না হলে গতকাল হাসপাতালে ভর্তি করি। বর্তমানে তার অবস্থা এখনও সুস্থ্য নয়। গাংনী মহিলা কলেজ এলাকায় সাইদুলের শিশু কন্যা খাদিজা (১২ মাস) ডায়রিয়াতে আক্রান্ত হয়ে মুমুর্ষ হয়ে উঠেছে। হাসপাতালে নিলে চিকিৎসা দিয়ে তাকে সুস্থ্য করা হচ্ছে । তবে চিকিৎসা নিতে আসা শিশুদের অভিভাবকরা জানান বিশের ভাগ ওষুধ কিনে নিতে হচ্ছে। হাসপাতালে তেমন কোন ওষুধ দিচ্ছেনা হাসপাতাল কর্তপক্ষ।

এসময় নাম প্রকাশ না করার শর্তে রাউন্ড কালীন চিকিৎসক জানান, শিশুদের চিকিৎসার ব্যাপারে আমরা খুবই তৎপর। ডায়রিয়া আক্রান্ত শিশুদের নিবিড় পর্যবেক্ষনের রেখে চিকিৎসা দেয়া হচ্ছে বলে দাবী করেন। এছাড়াও প্রায় ১০ জন শিশু ইতোমধ্যে সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছেন বলে জানান কর্তব্যরত জনৈক নার্স।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ রিয়াজুল ইসলাম জানান, আবহাওয়া জনীত কারনে শিশুরা ডায়রিয়াসহ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে। শীতের প্রায় শেষ মুহুর্ত। নতুন আবহাওয়া মানিয়ে নিতে কোমলমতি শিশুদের কিছুটা সমস্যা সহ্য করতে হবে। ডায়রিয়া আক্রান্তের সংখ্যা চলতি মাসে বেড়েছে। তবে শিশুদের প্রতি মায়েদের বেশি যত্নবান হতে হবে। শিশুদের পরিস্কার পরিছন্নতার বিষয়ে মায়েরা সচেতন হলে শিশুরোগ নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। কোন শিশু বোমি ও পাতলা পায়খানা শুরু হওয়ার সাথে সাথে ওর স্যালাইন খাওয়ানো এবং দ্রত চিকিৎসকের পরামর্শ নেয়ার উপদেশ দেন এ চিকিৎসক। ওষুধ সংকটের বিষয়ে এ কর্মকর্তা বলেন, তিন মাস যাবত কোন

ধরনের এন্টিবায়েটিক ওষূধ সরবরাহ না থাকায় একটু সংকট চলছে। আগামী সপ্তাহে চাহিদা পাঠঅনো হবে। তবে এবার প্রয়োজনমত ওষুধ কেনার সুযোগ থাকবে।

মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রী কলেজে বসন্ত বরণ

মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রী কলেজে বসন্ত বরণ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শনিবার সকালে কলেজ প্রাঙ্গণে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কলেজের অধ্যক্ষ একরামুল আযীমের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের সহকারি অধ্যাপক বকুল উদ্দিন, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক এ কে কুতুব। অনুষ্ঠানে ব্যান্ড শিল্পি মুইজ খন্দকারসহ স্খানীয়র শিল্পিরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।

গাংনীতে ৭টি অবৈধ যান আটক

মেহেরপুরের গাংনী উপজেলায় জেলা ট্রাফিক পুলিশের নিয়মিত অভিযানে ৭টি অবৈধ যান লাটাহাম্বা আটক করেছে আইন শৃংখলা বাহিনী।
শনিবার সকাল ১০টা থেকে শুরু করে দুপুর পর্যন্ত গাংনী –কুষ্টিয়া সড়কের মালসাদহ নামক স্থানে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে ৭টি অবৈধ যান লাটাহাম্বা আটক করে গাংনী থানা হেফাজতে রাখা হয় বলে জানিয়েছেন এস আই মকবুল হোসেন।
এস আই মকবুল হোসেন জানান, আটক অবৈধযান গুলোর বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা দায়ের করা হয়েছে।

[redacted]

[redacted]